গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট
সরকারি প্রতিষ্ঠান কোড-০৮০২, মাদ্রাসা কোড-১৮৬৯৭, ইআইআইএন নং-১৩০৪৩৯
web: sylgovaliamadrasa.edu.bd, e-mail : govtaliasyl@gmail.com, ফোন: ০৮২১-৭১৮৪৪৫

সূত্র : সআমাসি/২১/ তারিখ : ১২/০৮/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর অধীন সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট এর ২০২১ সালের আলিম পরীক্ষার্থীদেরকে সংযুক্ত নির্দেশনা অনুযায়ী আগামী ২৫/০৮/২০২১খ্রিঃ তারিখের মধ্যে তাদের ইলেকট্রনিক ফরম ফিলাপ **eFF** সম্পন্ন করার নির্দেশ প্রদান করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে কোন পরীক্ষার্থী ফি পরিশোধ করতে ব্যর্থ হলে তার ফরম পূরণ সম্পন্ন হয়নি বলে গণ্য হবে।

বিশেষ দ্রষ্টব্য : নিয়মিত, অনিয়মিত, আংশিক, প্রাইভেট, জিপিএ উন্নয়ন অর্থাৎ সকল ধরনের পরীক্ষার্থীকে ফরম পূরণ করতে হবে।

প্রয়োজনে যোগাযোগ : ০১৩০৯-১৩০৪৩৯ (অফিস: সকাল ১০: ০০ থেকে বিকাল ৩:০০ পর্যন্ত)

12.8.2021

(প্রফেসর আলী আহমদ খান)
অধ্যক্ষ
আইডি : ৪০৩২
সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# সিলেট সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট

সরকারি প্রতিষ্ঠান কোড-০৮০২, মাদ্রাসা কোড-১৮৬৯৭, ইআইআইএন নং-১৩০৪৩৯
web: sylgovaliamadrasa.edu.bd, e-mail : govtaliasyl@gmail.com, ফোন: ০৮২১-৭১৮৮৪৫

সূত্র : সআমাসি/২১/ তারিখ : ১২/০৮/২০২১ খ্রি.

## ইলেকট্রনিক ফরম ফিলাপ **eFF** সম্পন্ন করার নির্দেশনা :

১। **পরীক্ষার্থীর করণীয়:**

SMS এর মাধ্যমে **পরীক্ষার্থীর নাম, আলিমের রেজিস্ট্রেশন নম্বর, দাখিল রোল,** বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনাসহ সর্বমোট ফি আলাদা আলাদাভাবে জানতে পারবে এবং পরীক্ষার ফি পরিশোধের জন্য একাধিক পদ্ধতি দেখতে পাবে।

**পরীক্ষার ফি পরিশোধের পদ্ধতি:**

(ক) **SMS** এ প্রাপ্ত **LINK** ব্যবহার করে **অথবা** সোনালী ব্যাংকের সোনালী ই-সেবা(**Sonali eSheba**) অ্যাপ ব্যবহার করে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে। এছাড়াও বোর্ডের ওয়েবসাইটের (www.ebmeb.gov.bd) Student Panel থেকে সোনালী সেবা পেমেন্ট গেটওয়ের মাধ্যমে পরীক্ষার সর্বমোট ফি পরিশোধ করতে পারবে।

(খ) **উক্ত তিনটি পদ্ধতিতে ঘরে বসেই** সোনালী ব্যাংকের পেমেন্ট গেটওয়ের মাধ্যমে **Nagad, bKash, Rocket, SureCash, Upay, Sonali Wallet** ইত্যাদি যে কোন একটি মাধ্যম ব্যবহার করে পরীক্ষার ফি প্রদান করতে পারবে। তাছাড়া যে কোন Visa, Master Card, American Express, Dbbl Nexus ব্যবহার করেও পরীক্ষার ফি প্রদান করা যাবে। এছাড়াও সোনালী ব্যাংকের একাউন্টধারীরা অনলাইন পেমেন্ট এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদান করতে পারবে।

(গ) এক্ষেত্রে সোনালী ব্যাংক এবং মোবাইল ফিনান্সিয়াল সার্ভিস (MFS)এর সার্ভিস চার্জও (বোর্ড কর্তৃক নির্ধারণকৃত) অপারেটর কেটে নিবে। যে অপারেটরের মাধ্যমে ফি পরিশোধ করা হবে সেই অপারেটরের সংশ্লিষ্ট একাউন্টে/ওয়ালেটে বোর্ড ফি, কেন্দ্র ফি ও প্রতিষ্ঠানের পাওনা এবং সার্ভিস চার্জসহ সর্বমোট টাকার ন্যূনতম ব্যাল্যান্স থাকতে হবে।

(ঘ) পেমেন্ট করার পর পরীক্ষার্থীকে তার ফরম পূরণ সম্পন্ন হয়েছে মর্মে একটি SMS এর মাধ্যমে নিশ্চিত করা হবে। কোন কারিগরি ত্রুটির কারণে পরীক্ষার্থী SMS না পেলে বোর্ডের ওয়েবসাইটে Student Panel থেকে তার ফরম পূরণের Status যে কোন সময় দেখতে পাবে। **প্রতিষ্ঠান কর্তৃক নির্বাচিত পরীক্ষার্থীরাই ফরম পূরণের জন্য ফি জমা দিতে পারবে।**

২। **এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

(ক) যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের আলিম পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছিল, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালে অনুষ্ঠিতব্য আলিম পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় গ্রুপ ভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০১৮/২০১৯ সালের আলিম পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত হয়ে ২০১৮/২০১৯ সালে আলিম পরীক্ষায় ঐ এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০১৮/২০১৯/২০২০ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২১ সালের সকল বিষয়/এক/দুই বিষয়ের পরীক্ষার জন্য ফরম পূরণ করতে পারবে।

(বি:দ্র: ব্যবহারিক পরীক্ষার মূল্যায়ন ব্যবহারিক নোটবুক হতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রদান করা হবে)

২০২১ সালের আলিম পরীক্ষায় ৪র্থ বিষয়ের সুবিধা সংক্রান্ত :

পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালায় উল্লিখিত শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-শিম/শা:১০/৭ পরীক্ষা২(গ্রেডিং)/২০০২/৬১০, তারিখ: ০৪/০১/০৩ এর ১(এ) এ বর্ণিত নিয়ম মোতাবেক ২০২১ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণকে ৪র্থ বিষয়ের সুবিধা প্রদান করা হবে।

রেজিস্ট্রেশন ও সেশন সংক্রান্ত :

৩। ক) ২০১৬-১৭ সেশনের পূর্বের রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২১ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৫-১৬ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ের (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় সম্পর্কে নিশ্চিত হয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

রেজিস্ট্রেশন নবায়ন সংক্রান্ত :

৪। (ক) যে সকল পরীক্ষার্থী ২০১৭, ২০১৮ ও ২০১৯ সালের আলিম পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০১৮ ও ২০১৯ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২০ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও অতিরিক্ত ১০০/-(একশত) টাকা নবায়ন ফি বোর্ড ফি'র সাথে পরিশোধ করে শুধু একবারের জন্য রেজিস্ট্রেশন নবায়নপূর্বক ২০২১ সালের আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের (eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

বি.দ্র. : দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

**জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত :**

৫। (ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই আলিম পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে; এক্ষেত্রে যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের আলিম পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে সেক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে নিয়মিত পরীক্ষার্থীর ন্যায় নির্বাচিত বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) এক/দুই বিষয়ের অকৃতকার্য যে সকল পরীক্ষার্থী ২০২০ সালের আলিম পরীক্ষার ফরম পূরণ করে প্রবেশপত্র পেয়েছে এবং উত্তীর্ণ হয়েছে তারা জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।